

উপাচার্যকে নিঃশর্ত ক্ষমা চাইতে বলল ববি শিক্ষকদের একাংশ

নিজস্ব প্রতিবেদক,
বরিশাল

১৭ ফেব্রুয়ারি, ২০২৫
২১:০০

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

বরিশাল বিশ্ববিদ্যালয় (ববি) পরিবারের সবাইকে ফ্যাসিস্ট বলার অভিযোগ এনে উপাচার্য অধ্যাপক ড. শুচিতা শরমিনকে নিঃশর্ত ক্ষমা চাওয়ার জন্য আহ্বান জানিয়েছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের একাংশ। সোমবার (১৭ ফেব্রুয়ারি) দুপুরে বিশ্ববিদ্যালয়ের গ্রাউন্ড ফ্লোরে আয়োজিত সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে এ আহ্বান জানানো হয়।

আরো পড়ুন



সৌদি আরবে রুশ-মার্কিন শীর্ষ কর্মকর্তাদের বৈঠক কাল

লিখিত বক্তব্য পাঠকালে শিক্ষক সঞ্জয় কুমার সরকার বলেন, ‘বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. শুচিতা শরমিন গত ১৬ ফেব্রুয়ারি এক সংবাদ সম্মেলনে বিশ্ববিদ্যালয়ের সব শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীকে ফ্যাসিস্ট বলে গালি দিয়েছেন। অথচ বরিশাল বিশ্ববিদ্যালয়ই বাংলাদেশের প্রথম প্রতিষ্ঠান যেখানে শিক্ষার্থীরা পুলিশের গুলির সামনে বুক পেতে দিয়ে পেটোয়া পুলিশ বাহিনীকে প্রতিহত করে প্রথম বিজয় অর্জন করেছিল।

সেই অকুতোভয় শিক্ষার্থীদের সমর্থনে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা সব রকম হয়রানি ও নির্যাতনের ভয় উপেক্ষা করে শিক্ষার্থীদের পাশে দাঁড়িয়েছিলেন।’

অন্যদিকে আমরা প্রমাণ সহকারে জানি, ‘উপাচার্য ড. শুচিতা শরমিন নিজেই ছিলেন ফ্যাসিস্ট শক্তির একজন চিহ্নিত দোসর। ২০২৪ সালের আমি-ডামির নির্বাচনের পক্ষে দাঁড়িয়ে বিশিষ্ট নাগরিক, শিক্ষক ও পেশাজীবীরা যে বিবৃতি দিয়েছিলেন তাঁদের সেই বিবৃতিপত্রে ১০৮ নম্বর স্বাক্ষরকারী ছিলেন আজকের এই উপাচার্য ড. শুচিতা শরমিন। এমন চিহ্নিত ফ্যাসিস্ট বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবারের সবাইকে ফ্যাসিস্ট বলেছেন, এর চেয়ে লজ্জার ও ঘৃণার কিছু হতে পারে না।

আমরা তাঁর এই বক্তব্যের তীব্র নিন্দা জানাই।’

আমরা দাবি জানাচ্ছি, এই বক্তব্যের জন্য বরিশাল বিশ্ববিদ্যালয়ের সব শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীর কাছে তাঁকে নিঃশর্ত ক্ষমা চাইতে হবে।

আরো পড়ুন



সৌদি আরবে রুশ-মার্কিন শীর্ষ কর্মকর্তাদের বৈঠক কাল

উপাচার্য শুচিতা শারমিন বলেন, ‘আমি তাদের কাউকে ফ্যাসিস্ট বলিনি। আওয়ামী লীগ সরকারের আমলের দিকে ইঙ্গিত করে বলেছিলাম ঝামেলাগুলো সব ফ্যাসিস্টরা করেছে।

এখন আমার বিরুদ্ধে ষড়যন্ত্র করা হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার পরিবেশ অস্থিতিশীল করা হচ্ছে।